যুগান্তর

তারিখ 30 JUN 2016
পৃষ্ঠা ১৬ কলাম 2

একাদশ শ্রেণী

# কবি নজরুল কলেজে ভর্তি হতে ছাত্রলীগের বখরা

যুগান্তর রিপোর্ট

'আপনি কি ভর্তিচ্ছু? ছাত্র সংসদের অফিসে যান। এখান থেকে ভর্তি হতে পারবেন না। অফিস বন্ধ।' একাদশ শ্রেণীতে ভর্তি হতে আসা ছাত্রদের এভাবেই সরকারি কবি নজরুল কলেজের অফিস থেকে ফিরিয়ে দেয়ার অভিযোগ পাওয়া গেছে। কলেজের একাধিক শিক্ষার্থী অভিযোগ করেন, ছাত্র সংসদ অফিসে ২০ হাজার টাকা বখরা দিলে ভর্তি কার্যক্রম সম্পন্ন করে দেয়া হয়। এছাড়া কাউকে অফিস কক্ষ, ব্যাংক বা অধ্যক্ষের অফিসেও ঢুকতে দেয়া হয় না। ভর্তিতে পদে পদে রয়েছে ছাত্রলীগের কঠোর পাহারা। মো. রাকিব নামে এক ভর্তিচ্ছু যুগান্তরকে বলেন, তার মেধাক্রম ৩০০২। যেটা ভর্তিতে দ্বিতীয় মেধা তালিকায়। গত ২৩ জুন এ তালিকার ভর্তি কার্যক্রম শুরু হয়েছে। রাকিব ভর্তি হতে কয়েকদিন কলেজে এসেছে, কিন্তু নেতারা তাকে ভর্তি হতে দেয়নি। ভর্তি হতে দেয়নি কীভাবে? এমন প্রশ্নের জবাবে রাকিব বলে, আজ ভর্তির শেষ দিন। সকালে কবি নজরুল সরকারি কলেজের অফিস রুমে গেছি। সেখানে অফিসিয়াল কোনো লোক নেই। দু-একজন লোক দাঁড়িয়ে। তারা বলছে, আপনি কি ভর্তিচ্ছু? ছাত্র সংসদ অফিসে যান। তারাই ভর্তি কার্যক্রম সম্পন্ন করে দেবেন।

রাকিব জানায়, ছাত্র সংসদ অফিসে গেলে তারা ২০ হাজার টাকা দাবি করেন। অতিরিক্ত ২০ হাজার টাকা দিলে তারা ভর্তির পুরো কাজ করে দেবেন। অন্যথায় এখানে ভর্তি হওয়া যাবে না, বলে সাফ জানিয়ে দিয়েছেন। এভাবে দ্বিতীয় মেধা তালিকার ভর্তির শেষদিনসহ প্রতিদিন তাকে ফিরে যেতে হয়েছে। ছাত্র সংসদ নেতাদের এ কর্মকাণ্ডের বিষয় স্বীকার করে কবি নজরুল কলেজের অধ্যক্ষ ড. নুরুন্নাহার যুগান্তরকে বলেন, 'ছাত্র সংসদের ওরা তো এগুলো করবেই। কোনো প্রার্থী থাকলে আপনি আমার কাছে পাঠিয়ে দেন, আমি দেখছি।' এ সময় রাকিবসহ আরও তিনজন শিক্ষার্থীকে অধ্যক্ষের কক্ষে পাঠালে তাদের সেখানে যেতে দেয়া হয়নি। রাকিব বলেন, 'অধ্যক্ষের অফিসের সামনে ছাত্রলীগের কয়েকজন দাঁড়িয়ে আছে, যারা গেট থেকে অধ্যক্ষের রুমে ঢুকতে দেয় না।' এভাবে প্রথম মেধা তালিকারও অনেকে ভর্তি হতে পারেনি।